

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা
www.sylhet.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.১১০০.০০৬.১১.০০১.২০.৩৭

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭
০৮ নভেম্বর ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়-এর ১৪ জানুয়ারি ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২০.১৬-১৬ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এর ১১ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ০৫.৪৬.০০০০.০১০.১১.০০২.১৯.২ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত নিয়োক্ত শর্তে সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদন মডেল ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	বেতনস্কেল (জাতীয় বেতন ক্ষেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	সৌচিলিপিকার-কাম- কম্পিউটার অপারেটর	(গ্রেড-১৩) ১১,০০০-২৬৫৯০/-	৫(পাঁচ)	(ক) কোনো স্থিকৃত বিশ্ববিদ্যালয় হতে যাতক বা সমমানের ডিপ্লি; (খ) ওয়ার্ড প্রেসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে; (গ) সৌচিলিপিতে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতি মিনিট বাংলায় ন্যূনতম ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে।
২	সৌচিলিপিক-কাম- কম্পিউটার অপারেটর	(গ্রেড-১৪) ১০,২০০- ২৪,৬৮০/-	৫(পাঁচ)	(ক) কোনো স্থিকৃত বিশ্ববিদ্যালয় হতে যাতক বা সমমানের ডিপ্লি; (খ) ওয়ার্ড প্রেসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা থাকতে হবে ; (গ) সৌচিলিপিতে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতি মিনিট বাংলায় ন্যূনতম ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে।

শর্তাবলী :

- ১। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। নিয়োগ বিজ্ঞপ্তি, নির্ধারিত আবেদন ফরম ও নমুনা প্রবেশপত্র সিলেট জেলার ওয়েব সাইট (www.sylhet.gov.bd) এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটারে টাইপ করে পূরণ করতে হবে এবং A4 অফসেট কাগজে প্রিন্ট করতে হবে। কম্পিউটারে পূরণকৃত ফরমের প্রিন্ট কপির নিদিষ্ট স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করে দাখিল করতে হবে।
- ৩। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে :
 - (ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি।
 - (খ) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিয়দের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
 - (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঞ্জিন ০৪(চার) কপি ছবি (যা আবেদনপত্রের নির্ধারিত স্থানে লাগাতে হবে)।
 - (ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি।
 - (ঙ) সৌচালয় ও কম্পিউটার প্রশিক্ষণের মূল সনদপত্রের অনুলিপি।
- ৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৫,০০,০০০০,১৭০,১১,০২৯,১৯-১২২ নম্বর স্মারক মতে প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ তারিখে সর্বনিয় ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৫। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাএর পুত্র-কন্যা-এর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুক্ত বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিয়দের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।
- ৬। পরীক্ষার ফি বাবদ হিসাব কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ খাতে ১০০/- (একশত) টাকা (অফেরৎযোগ্য) ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১৫/- (পনেরো) টাকার ডাকটিকেট (অব্যবহৃত) লাগানো ১০.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।
- ৮। আবেদনপত্র জেলা প্রশাসক, সিলেট বরাবর আগামি ৮ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে অফিস সময়ে ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌছাতে হবে।
- ৯। আবেদনপত্রের সাথে নমুনা প্রবেশ পত্রের দু'কপি পূরণপূর্বক স্বাক্ষর করে আবেদনের সাথে জমা দিতে হবে।
- ১০। চাকরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবেনা। চাকরির প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।
- ১১। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত।
- ১২। স্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৩। ছবি ও সনদপত্র সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর গ্রেজেটেড কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

- ১৪। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।
- ১৬। আবেদনপত্রে বর্ণিত যে কোনো তথ্য যে কোন পর্যায়ে ভুঁয়া/মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৭। আবেদনকারীকে খামের উপরে পদের নাম ও কোটা স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- ১৮। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।
- ১৯। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যক্তিকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- ২০। কোন কারণ দর্শানো ব্যক্তিকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

এম কাজী এমদাদুল ইসলাম

জেলা প্রশাসক

সিলেট

ফোন: ০৩২১-৯১৬১০০

ইমেইল: dcsylhet@mopa.gov.bd

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭
০৮ নভেম্বর ২০২০

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৬.১১.০০১.২০.৩৭


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট
- ৩। জেলা প্রশাসক (সকল)
- ৪। পুলিশ সুপার, সিলেট
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৬। সিডিল সার্জন, সিলেট
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
- ৮। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট। বিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট। বিজ্ঞপ্তি আগামি ৬ ডিসেম্বর ২০২০ তারিখের পূর্বে বেতারের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট। তাকে বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। সহকারী কমিশনার (ভূমি) (সকল), সিলেট। তাকে বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানিয়ে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১২। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট। বিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট। তাকে বিজ্ঞপ্তি, মডেল আবেদন ফরম ও নমুনা প্রবেশ পত্র জেলার ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

১৪। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক উত্তরপূর্ব, সিলেট/ দৈনিক যুগান্তর পত্রিকা। তাকে বিজ্ঞপ্তি বহল প্রচারের লক্ষ্যে তার পত্রিকার ভিতরের পাতায় ক্ষুদ্র পরিসরে একদিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল এবং প্রকাশিত পত্রিকার কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

১৫। নোটিশ বোর্ড



08/05/2020

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট